

মুক্তিযোদ্ধা কোটায় ৩য় নির্বাচন, ট্রান্সফার ও ভর্তি বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে মুক্তিযোদ্ধা কোটায় ৩য় নির্বাচন, ট্রান্সফার ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ২০-১১-২০২২ তারিখ দুপুর ২:০০টা থেকে বিকাল ৪:০০টার মধ্যে কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে। পরবর্তী ট্রান্সফারের সময় বিবেচিত হওয়ার জন্য ২০.১১.২০২২ তারিখ বিকাল ৫:০০টার পূর্বে এটি করতে হবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৩টা) ইউনিট কার্যালয়ে (বিজ্ঞান অনুষদ দপ্তর) যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১১১৫)। অনলাইনে পছন্দক্রম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
৪র্থ নির্বাচন তালিকা	২১ নভেম্বর ২০২২ অপরাহ্নে	২২ নভেম্বর, ২০২২
৫ম নির্বাচন তালিকা	২৩ নভেম্বর ২০২২ অপরাহ্নে	২৪ নভেম্বর, ২০২২

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩৩০.০০ টাকা (পাঁচ হাজার তিনশত ত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (২০-১১-২০২২ সকাল থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিতে হবে।
- দুপুর ২:০০ থেকে ৪:০০ টার এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদ অফিস (কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন)-এ উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID সহ একটি প্রিন্ট আউট [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে, স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID বিজ্ঞান অনুষদের অফিসে জমা দিতে হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭ নভেম্বর ২০২২

(প্রফেসর ড. মো. সাহেদ জামান)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২১-২০২২ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি ও

ডীন, বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি/ভর্তি বাতিল ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি 4388 বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ছাত্র/ছাত্রীর ভর্তি পরীক্ষার রোল নাম্বার অথবা বিল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের এমআইউএফের উপর ১% চার্জ প্রযোজ্য।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের **Transaction ID** সহ প্রিন্ট আউট জমা দিতে হবে।